আইনশৃঙ্খলা বাহিনীর পোশাকে অভিযান-জরিমানা, বিতর্কের মুখে সংগঠন বন্ধ



ছবি: সংগৃহীত

ভেস্ট পরা একটি দল বিভিন্ন স্থানে অভিযান চালাচ্ছে, মানুষকে জিজ্ঞাসাবাদ করছে, এমনকি জরিমানাও করছে। তাদের পোশাক ও কর্মকাণ্ড দেখে অনেকে আইনশৃঙ্খলা বাহিনী বা গোয়েন্দা সংস্থার সদস্য বলে মনে করলেও বাস্তবে তারা কোনো সরকারি সংস্থার লোক নন। মানবাধিকার সংস্থার পরিচয়ে এসব কর্মকাণ্ড চালানোর অভিযোগ উঠেছে তাদের বিরুদ্ধে।

সম্প্রতি সামাজিক মাধ্যমে দলটির অভিযান ও বিভিন্ন কার্যক্রমের ছবি-ভিডিও ছড়িয়ে পড়ে। সেখানে মানুষের সমস্যা সমাধান, টাকা উদ্ধার করে দেওয়া এবং বিভিন্ন বিষয়ে সালিশ করার দৃশ্যও দেখা যায়। আফরোজা আক্তার শোভা নামের এক নারীর নেতৃত্বে দলটি এসব কার্যক্রমের খবর সামাজিক মাধ্যমে প্রচার করছিল।

এ নিয়ে সমালোচনা শুরু হলে গতকাল ফেসবুকে নিজেদের অবস্থান জানায় 'মানবাধিকার প্রতিষ্ঠান বাস্তবায়ন সংস্থা'। পোস্টে সংগঠনটি জানায়, জাতীয় মানবাধিকার কমিশন তাদের ডেকে পাঠিয়েছিল। সেখানে ভেস্ট ব্যবহার, অভিযান পরিচালনা, সালিশ এবং অভিযোগ ও তদন্তসংক্রান্ত শব্দ ব্যবহারের বিষয়ে কোনো বৈধতা পাওয়া যায়নি।

পোস্টে সংগঠনটি জানায়, এ কারণে তারা আপাতত কার্যক্রম থেকে অব্যাহতি নিচ্ছে। ভবিষ্যতে এ ধরনের কোনো সংশ্লিষ্টতা পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলেও উল্লেখ করা হয়। পাশাপাশি মানবাধিকার সংগঠনের নামে প্রতারণা থেকে সতর্ক থাকার আহ্বান জানানো হয়েছে।